জনগণের জন্য মানব কোষকলা কর্তৃপক্ষের কার্যাভ্যাস সংহিতা F এর একটি নির্দেশিকা: প্রতিস্থাপনের জন্য নিরেট অঙ্গ ও কোষকলা দান (অংশ দুই: মৃত ব্যক্তির অঙ্গ ও কোষকলা দান)

অঙ্গ ও কোষকলা দান সংক্রান্ত আমাদের বিধিনিয়মের এই নির্দেশিকাটি এমন একজন সম্ভাব্য দাতা হিসাবে 'আপনাকে' উদ্দেশ করার জন্য লেখা হয়েছে যিনি তার মৃত্যুর পরে তার অঙ্গ ও কোষকলা দান করতে আগ্রহী। এটি HTA'র কার্যাভ্যাস সংহিতা F (অংশ দুই) মৃত ব্যক্তির অঙ্গ ও কোষকলা দান ভিত্তিক, যার লক্ষ্য হলেন অঙ্গ দান ও প্রতিস্থাপনের ক্ষেত্রে কর্মরত পেশাজীবীরা:

ইংল্যান্ডে মৃত ব্যক্তির অঙ্গ ও কোষকলা দানের জন্য একটি নতুন ব্যবস্থার (সাধারণভাবে একটি "অনির্বাচন (opt-out)" বা "সম্মতিরূপে গণ্য হওয়া (deemed consent)" ব্যবস্থা হিসাবে উল্লেখ করা হয়) সূচনাকে প্রতিফলিত করার জন্য অংশ দুই 2020 সালে আপডেট করা হয়েছিল।

ওয়েলস 2015 সাল থেকে মৃত ব্যক্তির অঙ্গ ও কোষকলা দানের জন্য একটি সম্মতিরূপে গণ্য হওয়ার ব্যবস্থার অধীনে কাজ চালিয়েছে।

নর্দার্ণ আয়ারল্যান্ডে, সম্মতিরূপে গণ্য হওয়ার বিষয়টি প্রযোজ্য হয় না; সর্বদা সম্ভাব্য দাতাকে তার মৃত্যুর আগে, অথবা তার মৃত্যুর পরে একজন মনোনীত প্রতিনিধি বা একটি যোগ্যতাসম্পন্ন সম্পর্ক থাকা একজন ব্যক্তিকে অবশ্যই স্পষ্টভাবে সম্মতি দিতে হবে (নিচে পরিশিষ্ট A) দেখুন)।

স্কটল্যান্ডে মৃত ব্যক্তির অঙ্গ ও কোষকলা দান নিয়ন্ত্রণ করার ক্ষেত্রে HTA এর কোনো ভূমিকা নেই। স্কটল্যান্ডে অঙ্গ ও কোষকলা দান সম্পর্কে এখানে আপনি আরো পড়তে পারেন।

এই নির্দেশিকায় অন্তর্ভুক্ত নয়

- দেহ দান
- গবেষণার জন্য অঙ্গ ও কোষকলা দান

সাধারণভাবে ব্যবহৃত শব্দ

অঙ্গ

আমরা এই নির্দেশিকায় যেখানে অঙ্গ, বা অঙ্গগুলি শব্দটি ব্যবহার করি, তা সুনির্দিষ্টরূপে একটি সম্পূর্ণ নিরেট অঙ্গ, বা অঙ্গগুলিকে বোঝায়, যার অন্তর্ভুক্ত হল:

- কিডনি
- যকৃত
- হৃদপিন্ড
- অগ্ন্যাশয়
- ফুসফুস

এই প্রসঙ্গে অঙ্গ বলতে কী বোঝায় তার সাধারণ সংজ্ঞা হল এটি দেহের একটি অংশ, যার একটি সুনির্দিষ্ট গুরুত্বপূর্ণ উদ্দেশ্য আছে।

কোষকলা

আমরা যেখানে কোষকলা শব্দটি ব্যবহার করি, সেখানে এটি বলতে বোঝায় কোষগুলি দিয়ে তৈরি হওয়া মানব দেহের অন্যান্য নানাবিধ অংশ/গুলি যা সম্পূর্ণ নিরেট অঙ্গ নয়।

অঙ্গ ও কোষকলা

যখন আমরা "অঙ্গ ও কোষকলা" এর উল্লেখ করি, তখন সেখানে উভয়ের একটি সমন্বয় আছে এটি সুস্পষ্ট করে দেওয়া হয়।

সম্মতিরূপে গণ্য হওয়া

ইংল্যান্ডে ও ওয়েলসে, 18 বা তার বেশি বয়সের ব্যক্তিদের মৃত্যুর পরে সম্ভাব্য অঙ্গ ও কোষকলা দাতা হিসাবে বিবেচনা করা হতে পারে, যদি না তারা একটি সিদ্ধান্ত নেন যে তারা দাতা হতে চান না। মৃত্যুর পরে আপনার পক্ষ থেকে এই সিদ্ধান্ত নেওয়ার জন্য একজন প্রতিনিধিকে মনোনীত করাও সম্ভব।

আপনি একজন “ব্যতিক্রমী পূর্ণবয়স্ক” হলে এটি প্রযোজ্য হবে না (আরো তথ্যের জন্য নিচে **অতিরিক্ত তথ্য ও সংস্থান** দেখুন)।

HTA এর ভূমিকা

HTA অঙ্গ, কোষকলা এবং কোষ (প্রজনন কোষগুলি বাদ দিয়ে) দান নিয়ন্ত্রণ করে, এবং আইনটি সম্পর্কে পরামর্শ ও নির্দেশনা প্রদান করে।

মৃত্যুর পরে অঙ্গ ও কোষকলা দানের জন্য সম্মতিরূপে গণ্য হওয়ার একটি ব্যবস্থা ইংল্যান্ডে ও ওয়েলসে চালু আছে। এটি HTA’র জীবিত ব্যক্তির অঙ্গ দানের বিধিনিয়মকে প্রভাবিত করে না।

অংশ 2 – মৃত্যুর পরে অঙ্গ ও কোষকলা দান

এই সরকারী নির্দেশিকাটি **শুধুমাত্র** ইংল্যান্ডে ও ওয়েলসে মৃত্যুর পরে অঙ্গ ও কোষকলা দানের উল্লেখ করে।

2020 সালের মে মাসে ইংল্যান্ডে মৃত ব্যক্তির অঙ্গ ও কোষকলা দানের জন্য সম্মতির আবশ্যকতাগুলি "অনির্বাচন (opt-out)" হিসেবে সাধারণভাবে পরিচিত একটি ব্যবস্থায় পরিবর্তিত হয়েছে। ওয়েলসে, 2015 থেকে এই ব্যবস্থাটি বহাল আছে।

এটির অর্থ হল এই যে যেখানে অঙ্গ ও কোষকলা দানের নির্বাচন (opt-in) বা অনির্বাচন (opt-out) কোনো ক্ষেত্রেই সিদ্ধান্ত লিপিবদ্ধ করা হয় নি, এবং কোনো সিদ্ধান্ত জানা নেই, সেখানে সম্মতিরূপে গণ্য করা যেতে পারে (অর্থাৎ, এটি গণ্য করা যেতে পারে যে একজন ব্যক্তি দান করতে সম্মত হয়েছেন)। কয়েকটি পরিস্থিতিতে মৃত্যুর পরে প্রতিস্থাপনের জন্য অঙ্গ ও কোষকলা ব্যবহৃত হতে পারে। যে ব্যক্তি মারা গেছেন তার পরিবার ও নিকট বন্ধুদের সাথে সর্বদা একটি কথোপকথন করা হবে (ইনি কে হতে পারেন সেই সম্পর্কে তথ্যের জন্য অনুগ্রহ করে নিচে **পরিশিষ্ট A – যোগ্যতাসম্পন্ন সম্পর্কগুলি** দেখুন)।



অঙ্গ ও কোষকলা দান করার ব্যাপারে নির্বাচন করা

কোনটি আইনসম্মত সম্মতি হিসাবে গণ্য হয় সেই সম্পর্কে নির্দেশনা প্রদান করার জন্য HTA দায়িত্বশীল আছে।

অঙ্গ ও কোষকলা দান আইনসম্মতভাবে হওয়ার অনুমতি পাওয়ার জন্য অবশ্যই সম্মতি বহাল থাকতে হবে, কিন্তু এর অর্থ এই নয় যে সম্মতি বহাল থাকলে অবশ্যই দান সম্পন্ন হবে। এটি একটি চিকিৎসাগত সিদ্ধান্ত যাতে আপনার পরিবার একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

আপনার জীবদ্দশায়, আপনি কয়েকটি উপায়ে দান করার সম্মতি দিতে পারেন:

- এটি করার সবচেয়ে সাধারণ উপায় হল NHS রক্ত ও প্রতিস্থাপন (NHS Blood and Transplant, NHSBT) এর দ্বারা পরিচালিত অঙ্গ দাতার রেজিস্ট্রিতে (Organ Donor Register, ODR) আপনার সিদ্ধান্ত নিবন্ধিত করা। অঙ্গ ও কোষকলা দানের একটি সম্ভাবনা থাকতে পারে এমন প্রতিটি ক্ষেত্রে এটি যাচাই করা হয়।

- আপনার সিদ্ধান্ত আপনার পরিবার ও বন্ধুদের সাথে বিনিময় করুন।

- এছাড়াও আপনি NHS অ্যাপের মাধ্যমে আপনার সিদ্ধান্ত লিপিবদ্ধ করার জন্য ODR অ্যাক্সেস করতে পারেন।

- আপনার মৃত্যুর পরে আপনার পক্ষ থেকে একটি সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনি একজন প্রতিনিধিকে মনোনীত করতে পারেন (আরো পড়ুন এখানে)।

আপনি যে কোনো সময় আপনার সম্মতি প্রত্যাহার করতে পারেন। **অনুগ্রহ করে লক্ষ্য করুন -** গবেষণার মতো উদ্দেশ্যগুলির জন্য সম্মতিরূপে গণ্য করা যাবে না; এটি সম্মতিরূপে গণ্য হওয়ার সীমাবহির্ভূত। সর্বদা সুস্পষ্ট সম্মতি চাওয়া হবে।

আমার সম্মতিতে কী অন্তর্ভুক্ত আছে?

আপনি আপনার মৃত্যুর পরে দানের জন্য আপনার সকল অঙ্গ এবং কোষকলা দান করার সম্মতি দিতে পারেন, অথবা কোন অঙ্গ ও কোষকলা দান করার সম্মতি আপনি দেন তা আপনি সুনির্দিষ্টরূপে উল্লেখ করতে পারেন।

আপনি একটি বিশেষ ধরনের ব্যক্তিদের সুনির্দিষ্টরূপে উল্লেখ করতে পারেন না যাদের আপনি দান করতে চান। কখনো কখনো, এমনকি সম্মতি বহাল থাকলেও, দান করা সম্ভব নাও হতে পারে। এই ঘটনা কেন ঘটতে পারে তার অনেক কারণ আছে।



অঙ্গ ও কোষকলা দান করার বিষয়টি নির্বাচন না করা

আপনার জীবদ্দশায়, আপনি দান করার বিষয়টি কয়েকটি উপায়ে নির্বাচন না করতে পারেন:

- এটি করার সবচেয়ে সাধারণ উপায় হল NHS রক্ত ও প্রতিস্থাপন (NHS Blood and Transplant, NHSBT) এর দ্বারা পরিচালিত অঙ্গ দাতার রেজিস্ট্রিতে (Organ Donor Register, ODR) আপনার সিদ্ধান্ত নিবন্ধিত করা। অঙ্গ ও কোষকলা দানের একটি সম্ভাবনা থাকতে পারে এমন প্রতিটি ক্ষেত্রে এটি যাচাই করা হয়।

- আপনার সিদ্ধান্ত আপনার পরিবার ও বন্ধুদের সাথে বিনিময় করুন।

- এছাড়াও আপনি NHS অ্যাপের মাধ্যমে আপনার সিদ্ধান্ত লিপিবদ্ধ করার জন্য ODR অ্যাক্সেস করতে পারেন।

- আপনার মৃত্যুর পরে আপনার পক্ষ থেকে একটি সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনি একজন প্রতিনিধিকে মনোনীত করতে পারেন (আরো পড়ুন এখানে)।

আপনি যদি এই বিষয়টি জানান যে আপনি অঙ্গ ও কোষকলা দান করতে সম্মতি দেন না, তাহলে দানের প্রক্রিয়া এগোতে পারে না।

আরো তথ্য ও সংস্থান

সম্মতিরূপে গণ্য হওয়ার অধীনে অন্তর্ভুক্ত নয় এমন অঙ্গগুলি

কয়েকটি অঙ্গ ও কোষকলার ক্ষেত্রে সম্মতিরূপে গণ্য করা যায় না এবং সুস্পষ্টরূপে সম্মতি চাওয়ার প্রয়োজন হবে। এখানে HTA ওয়েবসাইটে আপনি সেইসকল অঙ্গ ও কোষকলার তালিকাটি দেখতে পারেন যেগুলির জন্য সুস্পষ্ট সম্মতির প্রয়োজন হয়।

ব্যতিক্রমী দলগুলি (ইংল্যান্ডে ও ওয়েলসে যে সকল ব্যক্তির ক্ষেত্রে সম্মতিরূপে গণ্য করা যায় না)

নিম্নলিখিত পরিস্থিতিগুলিতে সম্মতিরূপে গণ্য করা যায় না:

- যে ব্যক্তি মারা গেছেন তিনি 18 বছরের কম বয়স্ক একটি শিশু;
- যে ব্যক্তি মারা গেছেন তিনি একজন প্রাপ্তবয়স্ক যিনি মারা যাওয়ার ঠিক আগে কমপক্ষে 12 মাসের একটি সময়কাল ধরে **সাধারণভাবে বাসিন্দা ছিলেন না**, অথবা;
- যে ব্যক্তি মারা গেছেন তিনি একজন প্রাপ্তবয়স্ক যার মৃত্যুর আগে একটি উল্লেখযোগ্য সময়কাল ধরে সম্মতিরূপে গণ্য হওয়ার ধারণাটি বোঝার **সামর্থ্যের অভাব ছিল**।

ধর্মীয় মতবাদ ও বিশ্বাস

কোনো দানের প্রক্রিয়া এগিয়ে যাওয়ার আগে আপনার পরিবারের সাথে আলোচনা করা হবে - এমনকি আপনি যদি অঙ্গ ও কোষকলা দানের বিষয়টি নির্বাচন করার জন্য আপনার সিদ্ধান্ত লিপিবদ্ধ করে থাকেন তাহলেও।

এই আলোচনাগুলিতে আপনার ধর্মীয় মতবাদ ও বিশ্বাস বিবেচনা করা হবে, সেগুলি সংস্কৃতিগত, আধ্যাত্মিক, ধর্মীয় বা ধর্ম-বহির্ভূত যাই হোন না কেন। হাসপাতালগুলিতেও ধর্মীয় মতবাদে-প্রশিক্ষিত সমন্বয়কারী, বিভিন্ন ধর্মীয় মতবাদের প্রতিনিধিত্বকারী একটি যাজক পরিষেবা, বা স্বীকৃত অ-ধর্মীয় উপদেষ্টা তত্বাবধায়করা থাকতে পারেন, যা পরিবারগুলিকে সহায়তা করতে সাহায্য করে।

আপনি যদি আপনার সিদ্ধান্ত ODR এ নিবন্ধিত করেন, তাহলে কীভাবে অঙ্গ ও কোষকলা দানের বিষয়টি আপনার ধর্মীয় মতবাদ ও বিশ্বাসের সাথে সঙ্গতি রেখে এগিয়ে যেতে পারে সে সম্পর্কে আপনার পরিবারকে বলার অনুরোধ আপনি করতে পারেন।

অঙ্গ ও কোষকলা দানের প্রসঙ্গে ধর্মীয় মতবাদ ও বিশ্বাস সংক্রান্ত আরো তথ্য NHS BT'র ওয়েবসাইটে এখানে পাওয়া যেতে পারে: https://www.organdonation.nhs.uk/helping-you-to-decide/your-faith-and-beliefs/।

পরিশিষ্ট A - যোগ্যতাসম্পন্ন সম্পর্কগুলি

'যোগ্যতাসম্পন্ন সম্পর্কগুলি' এর একটি তালিকা মানব কোষকলা আইন (Human Tissue Act) 2004 এ অন্তর্ভুক্ত আছে, যেগুলিকে র‍্যাংক দেওয়া হয়েছে।

এই তালিকাটি নিম্নরূপ:

1. স্বামী/স্ত্রী বা সঙ্গী (সিভিল বা সমলিঙ্গের সঙ্গী সহ)
2. মা-বাবা বা সন্তান
3. ভাই বা বোন
4. দাদু-দিদিমা/ঠাকুরদা-ঠাকুমা বা নাতি/নাতনি
5. ভাগ্নী বা ভাগ্না
6. সৎবাবা বা সৎমা
7. সৎভাই বা সৎবোন
8. দীর্ঘ দিনের বন্ধু

এইসকল উদ্দেশ্যগুলির জন্য, একজন ব্যক্তিকে সঙ্গীরূপে বিবেচনা করা হয় যদি তারা একটি স্থায়ী পারিবারিক সম্পর্ক নিয়ে সঙ্গী হিসাবে বসবাস করেন।